গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মুলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের আওতায় বিগত তিন বছরে ৭২৬৪ জন তাঁতির মাঝে ১৮৩৬৩ টি তাঁতের অনুকূলে ৮৭০৫.২৫ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ১১৫৬.৬৯ লক্ষ টাকা আদায় করা হয়েছে। বিএমআরইকরণ প্রকল্পের আওতায় সিপিসি, মাধবদী, নরসিংদীতে স্থাপিত আধুনিক যন্ত্রপাতিসমূহ চালু করা হয়েছে এবং ৩টি সার্ভিস সেন্টার স্থাপন প্রকল্পের আওতায় কালিহাতী সার্ভিস চালু করা হয়েছে এবং তাঁতিদের সেবা প্রদান করা হচ্ছে। বিগত তিন বছরে ১০.৬৬ কোটি মিটার কাপড়ে ডাইং, প্রিন্টিং, স্টেন্টারিং, ক্যালেন্ডারিংসহ বিভিন্ন বয়নোত্তর সেবা এবং ৯৯৭৬৪ কেজি সুতার বয়নপূর্ব (টুইস্টিং) সেবা প্রদান করা হয়েছে। বাস্তবায়নাধীন মসলিন প্রকল্পের আওতায় বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা ও কাপড় তৈরীর প্রযুক্তি এবং ফুটি কার্পাস তুলা পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে। WIPO কর্তৃক পেটেন্ট ডিজাইন এবং ট্রেড মার্কস অধিদপ্তর কর্তৃক 'ঢাকাই মসলিন' এর ভৌগলিক নির্দেশক নিবন্ধন সনদ প্রদান করা হয়েছে। ঢাকাই মসলিনের সুতা ও কাপড় তৈরীর প্রযুক্তি পুনরুদ্ধার করায় সংশ্লিষ্ট প্রকল্প ও বাংলাদেশ তাঁত বোর্ডকে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে 'জনপ্রশাসন পদক-২০২১' প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

তাঁতিদের পেশা পরিবর্তন, সুতা ও রঙের নিম্নমান এবং অনিয়ন্ত্রিত মূল্যের কারণে ক্রমাগত তাঁত বন্ধ হয়ে যাওয়া। বন্ধ তাঁতসমূহ চালুকরণ, তাঁত শিল্পের আধুনিকায়ন, তাঁতিদের মূলধন সরবরাহ, তাঁত পণ্যের বহুমূখীকরণ ও বাজার সম্প্রসারণ। দেশে বিদেশে প্রচার ও প্রচারণা এবং তাঁতখাতে দক্ষ কর্মী তৈরী করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

রূপকল্প ২০২১, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ টেকসই উন্নয়ন অভীষ্ট, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্য রেখে বাতাঁবো নিয়ন্ত্রিত ২টি তাঁত সেবা কেন্দ্র চালুকরণ। দেশের বস্ত্র খাতে দক্ষ কর্মী তৈরির লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনসহ প্রান্তিক তাঁতিদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে একাডেমিক ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ এবং কারিগরি সেবা প্রদান। তাঁতিদের উপযুক্ত পরিবেশে আবাস-কাম-কারখানা প্রদান করে পুনর্বাসন, তাঁতজাত পণ্যের বহুমুখীকরণ ও বাজারজাতকরণ, কাঁচামালের সহজলভ্যতা, বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা প্রদানসহ ইত্যাদি বিষয় বিবেচনা করে তাঁতি ও নকশি শিল্পীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বৃহৎ আকারে তাঁতপল্লি ও নকশিপল্লি স্থাপন। সর্বোপরি বাংলাদেশ তাঁত বোর্ডকে একটি শক্তিশালী ও কার্যকরী সেবামূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৬.০০ কোটি মিটার কাপড়ে বয়নোত্তর এবং ৩২০০০ কেজি সুতায় বয়নপূর্ব সেবা প্রদান।
- ১২০০ জন পুরুষ তাঁতি ও ৩০০ জন মহিলা তাঁতির মাঝে বিদ্যমান ব্যবস্থায় ঋণ বিতরণ এবং ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে ৬০০জন তাঁতির মাঝে ঋণ বিতরণ;
- তাঁতিদের তথ্য হালনাগাদকরণ, ১২০০০জন তাঁতির মাঝে তাঁতি কার্ড বিতরণ এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৩০-০৬-২০২৪ তারিখের মধ্যে স্মার্ট তাঁতি কার্ড প্রবর্তন (পাইলটিং);
- ৬০০জন তাঁতিকে তাঁত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান এবং পুনরুদ্ধারকৃত বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা ও কাপড় তৈরির প্রযুক্তির বিষয়ে বেসরকারি উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান;
- ২টি উন্নয়ন প্রকল্পের পূর্ত কাজ সমাপ্তকরণ এবং মাঠ পর্যায়ের ৮টি কেন্দ্রের মেরামতকরণ;
- কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান এবং শূন্য পদে জনবল নিয়োগ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

শক্তিশালী তাঁত খাত।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

তাঁতিদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি, চলতি মূলধন যোগান, গুণগত মানসম্পন্ন তাঁতবস্ত্র উৎপাদন এবং বাজারজাতকরণের সুবিধা সৃষ্টির মাধ্যমে তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তাঁত পণ্যের উৎপাদন, কর্মসংস্থান তৈরী ও তাঁত শিল্পের প্রবৃদ্ধিতে সহায়তাকরণ

২. উন্নয়ন, পরিবীক্ষণ ও বাজার সম্প্রসারণমূলক কার্যক্রম জোরদারকরণ

৩. তাঁত শিল্প সংশ্লিষ্ট মানব সম্পদ উন্নয়ন

৪. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. হস্তচালিত তাঁত শিল্পের জরিপ, শুমারি এবং পরিকল্পনা বা যৌক্তিক প্রবৃদ্ধি বিষয়ক কার্যক্রম গ্রহণ; হস্তচালিত তাঁত শিল্প সংক্রান্ত পরিসংখ্যান সংরক্ষণ;

২. হস্তচালিত তাঁত শিল্প সংক্রান্ত তদন্ত ও অনুসন্ধান পরিচালনা; হস্তচালিত তাঁত শিল্পের ইউনিটসমূহের উন্নয়ন ও উপদেশমূলক সেবা প্রদান;

৩. হস্তচালিত তাঁত শিল্পের সহিত সংশ্লিষ্টদের জন্য ঋণ সুবিধাদি সৃষ্টি; তাঁতী সমিতিসমূহের সহায়তায় হস্তচালিত তাঁত শিল্পের উন্নয়ন;

৪. তাঁতী সমিতিসমূহের মাধ্যমে তাঁতীগণকে বস্ত্র রসায়ন, খুচরা যন্ত্রাংশ, সুতা, ইত্যাদি ব্যবহারযোগ্য দ্রব্যাদি ন্যায্যমূল্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ;

৫. তাঁতী সমিতিসমূহের মাধ্যমে হস্তচালিত তাঁত শিল্পসমূহকে কাঁচামাল সরবরাহ ও তাহাদের নিকট হইতে উৎপাদিত পণ্যাদি ক্রয়পূর্বক গুদামজাতকরণের উদ্দেশ্যে গুদামসমূহের রক্ষণাবেক্ষণ এবং সকলের জন্য নকশা, সুতা তৈরি, ব্লিচিং, রংকরণ, ইস্ত্রিকরা, ছাপা ও ফিনিশিং এর সুযোগ-সুবিধার ব্যবস্থা গ্রহণ;

৬. দেশের অভ্যন্তরে বিক্রয় ও বিদেশে রপ্তানির নিমিত্ত হস্তচালিত তাঁতজাত দ্রব্যাদির নির্দিষ্ট মান প্রমিতকণের জন্য উন্নয়ন ও সম্প্রসারণমূলক সুযোগ-সুবিধা এবং দ্রব্যাদির গুণগতমান ও প্রস্তুতকারী দেশ সম্পর্কিত সনদপত্র প্রদান;

৭. দেশে ও বিদেশে তাঁতপণ্য জনপ্রিয় করিবার উদ্দেশ্যে প্রচার ও প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ; তাঁতী সমিতিসমূহের মাধ্যমে তাঁতজাত পণ্য দেশে ও বিদেশে বাজারজাতকরণের ব্যবস্থা গ্রহণ;

৮. তাঁতী ও তাঁত শিল্পের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের প্রশিক্ষণ সুবিধা প্রদান এবং উহার উন্নয়ন; তাঁতীদের বয়নপূর্ব এবং বয়নোত্তর সুযোগ-সুবিধা পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| তাঁত বস্ত্র উৎপাদন বৃদ্ধি | বয়নোত্তর সহায়তা প্রদানে প্রবৃদ্ধি | শতকরা | ২১.৫৮ | ৭৪.৬০ | ৯০.৪৭ | ১২২.২২ | ১৫৩.৯৬ | বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র (সিপিসি), মাধবদী, নরসিংদী, তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বয়লার পরিদর্শকের কার্যালয় | বাংলাদেশ তাঁত বোর্ড আইন ২০১৩ এর ৬ ধারার উপধারা 'জ' অনুযায়ী ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা |
| | বয়নপূর্ব সহায়তা প্রদানে প্রবৃদ্ধি | শতকরা | ৫.০০ | ৭.১৫ | ৯.২৭ | ১২.০০ | ১৫.০০ | বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র (সিপিসি), মাধবদী, নরসিংদী, তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বয়লার পরিদর্শকের কার্যালয় | বাংলাদেশ তাঁত বোর্ড আইন ২০১৩ এর ৬ ধারার উপধারা 'জ' অনুযায়ী ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা |
| মানব সম্পদ উন্নয়ন, দক্ষ তাঁতি তৈরী | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি শিক্ষার্থীর হার প্রবৃদ্ধি | শতকরা | ১০০ | ৮০ | ৬.২৫% | ৭.৫০% | ৮.৭৫% | বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | বাংলাদেশ তাঁত বোর্ড আইন ২০১৩ এর ৬ ধারার উপধারা 'ঠ' অনুযায়ী ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা |
| | প্রশিক্ষণ প্রদানে প্রবৃদ্ধি | শতকরা | ১.৬৬ | ৩৩.৩৩ | ১০০ | ১৩৩.৩৩ | ১৬৬.৬৬ | বাংলাদেশ তাঁত বোর্ডের আওতাধীন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ | বাংলাদেশ তাঁত বোর্ড আইন ২০১৩ এর ৬ ধারার উপধারা 'ঠ' অনুযায়ী ও ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা |
| ঐতিহ্যবাহী ঢাকাই মসলিনের বিশ্বব্যাপী পুন: প্রসার | বেসরকারি উদ্যোক্তাদের প্রশিক্ষণে প্রবৃদ্ধি | শতকরা | - | - | ২০ | ২৫% | ২৫% | ঢাকাই মসলিন কাপড় পুনরুদ্ধার প্রকল্প, বেসরকারি উদ্যোক্তাগণ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ | তাঁতিদের মাঝে স্মার্ট তাঁতি কার্ড বিতরণ | তারিখ | - | - | ১০-০৬-২০২৪ | - | - | বাংলাদেশ তাঁত বোর্ড, বাংলাদেশ নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট সফটওয়্যার সেবাদানকারী প্রতিষ্ঠান | বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] তাঁত পণ্যের উৎপাদন, কর্মসংস্থান তৈরী ও তাঁত শিল্পের প্রবৃদ্ধিতে সহায়তাকরণ | ২৫ | [১.১] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.১.১] তাঁত বস্ত্রে বয়নোত্তর সহায়তা প্রদান | সমষ্টি | কোটি মিটার | ৭ | ৩.৮৩ | ৫.৫০ | ৬.০০ | ৫.০০ | ৪.০০ | ৩.০০ | ২.০০ | ৭.০০ | ৮.০০ |
| | | | [১.১.২] তাঁত বস্ত্রে ব্যবহৃত সূতায় বয়নপূর্ব (সুতা টুইস্টিং, মার্সেরাইজিং ও রংকরণ) সহায়তা প্রদান | সমষ্টি | কেজি | ৫ | ৩১৬২৬ | ২৫০০০ | ৩২০০০ | ৩০০০০ | ২৮০০০ | ২৫০০০ | ২২০০০ | ৩৪০০০ | ৩৬০০০ |
| | | [১.২] ক্ষুদ্র ঋণ এবং “তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মুলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়” শীর্ষক প্রকল্পের আওতায় ঋণ বিতরণ-আদায় | [১.২.১] আদায়কৃত ঋণ | সমষ্টি | লক্ষ টাকা | ৪ | ৩৬৭.৩ | ৩৫০ | ৮০০ | ৭০০ | | | | ৮৫০ | ৯০০ |
| | | | [১.২.২] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতি | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৬৫৩ | ১১৫০ | ১২০০ | ১১৫০ | | | | ১২৩০ | ১২৫০ |
| | | | [১.২.৩] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী মহিলা তাঁতি | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৯৩ | ২৫০ | ৩০০ | ২৭০ | | | | ৩২৫ | ৩৫০ |
| | | [১.৩] তাঁতিদের মাঝে তাঁতি কার্ড বিতরণ | [১.৩.১] বিতরণকৃত তাঁতি কার্ড | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪৫০৬১ | ১০০০০ | ১২০০০ | ১১৫০০ | | | | ১৩০০০ | ১৫০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] উন্নয়ন, পরিবীক্ষণ ও বাজার সম্প্রসারণমূলক কার্যক্রম জোরদারকরণ | ২৫ | [২.১] উন্নয়ন প্রকল্পের পূর্ত ও নির্মাণ কাজ | [২.১.১] বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর আধুনিকায়ন ও অবকাঠামোগত সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের অবশিষ্ট পূর্ত কাজ সমাপ্তকরণ | তারিখ | তারিখ | ৩ | | | ১৬.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | |
| | | | [২.১.২] বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় ৪টি বেসিক সেন্টার (কাহালু, টাঙ্গাইল, আড়াইহাজার, সিরাজগঞ্জ)-এর প্রশিক্ষণ কেন্দ্রের অবশিষ্ট পূর্ত কাজ সমাপ্তকরণ | তারিখ | তারিখ | ৩ | | | ১৬.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | |
| | | [২.২] তাঁত বোর্ডের আওতাধীন স্থাপনাসমূহের মেরামত/নির্মাণ/ সংস্কারকরণ | [২.২.১] মেরামত/নির্মাণ/ সংস্কারকৃত স্থাপনা | সমষ্টি | সংখ্যা | ২ | ৯ | ৮ | ৮ | ৭ | | | | ৯ | ১০ |
| | | [২.৩] মাঠ পর্যায়ের কেন্দ্রসমূহের মনিটরিং | [২.৩.১] সরেজমিন পরিবীক্ষণ | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০ | ৯ | | | | ১২ | ১৪ |
| | | | [২.৩.২] অনলাইন পরিবীক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪১ | ৩৫ | | | | ৩৯ | ৩৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] কার্যকরী প্রাথমিক/ মাধ্যমিক তাঁতি সমিতি অডিটকরণ | [২.৪.১] অডিটকৃত প্রাথমিক/মাধ্যমিক তাঁতি সমিতি | সমষ্টি | সংখ্যা | ২ | ২৮২ | ২৫০ | ২৬০ | ২৪০ | | | | ২৭০ | ২৮০ |
| | | [২.৫] অভ্যন্তরীণ অডিটের সুপারিশ /আপত্তি বাস্তবায়ন -নিষ্পত্তিকরণ | [২.৫.১] বাস্তবায়নকৃত সুপারিশ/আপত্তি নিষ্পত্তিকৃত | সমষ্টি | শতকরা | ২ | ৩১.৫৭ | ৩০ | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ২৫ | ২৫ |
| | | [২.৬] স্টেক হোল্ডার/ উদ্যোক্তাদের সাথে সভার মাধ্যমে বস্ত্র ব্যবসার সহযোগিতা | [২.৬.১] স্টেক হোল্ডার/উদ্যোক্তাদের সাথে আয়োজনকৃত মতবিনিময় সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ১১ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [২.৭] বাজার সম্প্রসারণে সহায়তাকরণ | [২.৭.১] তাঁত বস্ত্র মেলা আয়োজন/ অংশগ্রহণ (দেশ ও বিদেশ) | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৬ | ৬ | ৫ | | | | ৬ | ৬ |
| | | [২.৮] আওতাধীন প্রতিষ্ঠানসমূহের অডিটকরণ | [২.৮.১] অভ্যন্তরীণ অডিটকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ৬ | ৮ | ৭ | | | | ৯ | ১০ |
| | | [২.৯] তাঁত বস্ত্রের কান্ট্রি অব অরিজিন সনদ প্রদান | [২.৯.১] নিষ্পত্তিকৃত আবেদন | গড় | শতকরা | ২ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] তাঁত শিল্প সংশ্লিষ্ট মানব সম্পদ উন্নয়ন | ১৫ | [৩.১] মধ্যম পর্যায়ের বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তিবিদ তৈরী | [৩.১.১] উত্তীর্ণ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি শিক্ষার্থী | সমষ্টি | শতকরা হার | ২ | ১০০ | ৮০ | ৮৫ | ৮৩ | | | | ৮৬ | ৮৭ |
| | | [৩.২] তাঁতিদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] তাঁতিদের প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | ৩০৫ | ৪০০ | ৬০০ | ৫৫০ | | | | ৭০০ | ৮০০ |
| | | [৩.৩] বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা তৈরীর প্রযুক্তি ও মসলিনের কাপড় পুনরুদ্ধার (২য় পর্যায়) | [৩.৩.১] বেসরকারি উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২০ | ১৮ | | | | ২৫ | ২৫ |
| | | [৩.৪] দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪০ | ৩৫ | | | | ৫০ | ৬০ |
| | | [৩.৫] প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের শুন্য পদ পূরণ | [৩.৫.১] ছাড়পত্র প্রাপ্ত পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগ | তারিখ | তারিখ | ৩ | | | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | | [৩.৫.২] পদোন্নতিযোগ্য পদসমূহে পদোন্নতি প্রদান | তারিখ | তারিখ | ২ | | | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | [৩.৬] তাঁতিদের তথ্য সংরক্ষণ | [৩.৬.১] তাঁতিদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে তথ্য হালনাগাদকরণ | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | |
| [৪] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ | ৫ | [৪.১] স্মার্ট তাঁতি কার্ড বিতরণ ও ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে ঋণ বিতরণ | [৪.১.১] তাঁতিদের মাঝে স্মার্ট তাঁতি কার্ড প্রবর্তন (পাইলটিং) | তারিখ | তারিখ | ২ | | | ১০.০৬.২৪ | ১৫.০৬.২৪ | ২০.০৬.২৪ | ২৫.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | |
| | | | [৪.১.২] ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে প্রান্তিক দুঃস্থ তাঁতিদের মাঝে ঋণ বিতরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৩০ | ৪০০ | ৬০০ | ৫৫০ | | | | ৬৫০ | ৭০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৪ জুন ২০২৩

| | |
|---|---|
| চেয়ারম্যান<br>বাংলাদেশ তাঁত বোর্ড | তারিখ |

২৪/০৬/২০২৩

| | |
|---|---|
| সচিব<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয় | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | BHB | Bangladesh Handloom Board |
| ২ | BHETI | Bangladesh Handloom Education & Training Institute |
| ৩ | BMRE | Balancing, Modernization, Renovation & Expansion |
| ৪ | CHPED | Center For Handloom Product & Equipment Development |
| ৫ | CPC | Cloth Processing Center |
| ৬ | ME | Monitoring & Evaluation |
| ৭ | O&M | Operation & Maintenance |
| ৮ | RTC | Rangpur Training Center |
| ৯ | SFC | Services & Facilities Center |
| ১০ | S&M | Society & Marketing |
| ১১ | STC | Sylhet Training Center |
| ১২ | TFC | Textile Facilities Center |
| ১৩ | TPIT- Bera | Training Program & Improvement in Technology |
| ১৪ | এমই | মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন |
| ১৫ | এসএন্ডএম | সোসাইটি এন্ড মার্কেটিং |
| ১৬ | এসএফসি | সার্ভিসেস এন্ড ফ্যাসিলিটিজ সেন্টার |
| ১৭ | ওএন্ডএম | অপারেশন এন্ড মেইনটেন্যান্স |
| ১৮ | টিএফসি | টেক্সটাইল ফ্যাসিলিটিজ সেন্টার |
| ১৯ | তাঁপ্রউকে-বেড়া | তাঁত প্রশিক্ষণ উপকেন্দ্র- বেড়া (পাবনা) |
| ২০ | বাতাঁবো | বাংলাদেশ তাঁত বোর্ড |
| ২১ | বাতাঁশিপ্রই | বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ২২ | বিএমআরই | ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন |
| ২৩ | রপ্রকে | রংপুর প্রশিক্ষণ কেন্দ্র |
| ২৪ | সিএইচপিইডি | সেন্টার ফর হ্যান্ডলুম প্রোডাক্ট এন্ড ইকুইপমেন্ট ডেভেলপমেন্ট |
| ২৫ | সিপিসি | ক্লথ প্রসেসিং সেন্টার |
| ২৬ | সিপ্রকে | সিলেট প্রশিক্ষণ কেন্দ্র |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.১.১] তাঁত বস্ত্রে বয়নোত্তর সহায়তা প্রদান | সদস্য (ওএন্ডএম) ও সিপিসি, মাধবদী | সংশ্লিষ্ট সার্ভিস সেন্টারসমূহের অগ্রগতি প্রতিবেদন |
| | [১.১.২] তাঁত বস্ত্রে ব্যবহৃত সূতায় বয়নপূর্ব (সুতা টুইস্টিং, মার্সেরাইজিং ও রংকরণ) সহায়তা প্রদান | সদস্য (ওএন্ডএম) ও টিএফসি শাহজাদপুর, এসএফসি কুমারখালী | সংশ্লিষ্ট সার্ভিস সেন্টারসমূহের অগ্রগতি প্রতিবেদন |
| [১.২] ক্ষুদ্র ঋণ এবং "তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মুলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়" শীর্ষক প্রকল্পের আওতায় ঋণ বিতরণ-আদায় | [১.২.১] আদায়কৃত ঋণ | সদস্য (এসএন্ডএম) ও প্রকল্প পরিচালক (চলতি মূলধন সরবরাহ প্রকল্প) | বেসিক সেন্টার ভিত্তিক ঋণ আদায়ের তালিকা |
| | [১.২.২] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতি | সদস্য (এসএন্ডএম) ও প্রকল্প পরিচালক (চলতি মূলধন সরবরাহ প্রকল্প) | বেসিক সেন্টার ভিত্তিক ঋণ বিতরণের তালিকা |
| | [১.২.৩] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী মহিলা তাঁতি | সদস্য (এসএন্ডএম) ও প্রকল্প পরিচালক (চলতি মূলধন সরবরাহ প্রকল্প) | বেসিক সেন্টার ভিত্তিক ঋণ বিতরণের তালিকা |
| [১.৩] তাঁতিদের মাঝে তাঁতি কার্ড বিতরণ | [১.৩.১] বিতরণকৃত তাঁতি কার্ড | সদস্য (এসএন্ডএম) | তালিকা, প্রতিবেদনের কপি |
| [২.১] উন্নয়ন প্রকল্পের পূর্ত ও নির্মাণ কাজ | [২.১.১] বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর আধুনিকায়ন ও অবকাঠামোগত সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের অবশিষ্ট পূর্ত কাজ সমাপ্তকরণ | প্রকল্প পরিচালক | পূর্ত কাজ সমাপ্তকরণের তথ্যাদি |
| | [২.১.২] বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় ৪টি বেসিক সেন্টার (কাহালু, টাঙ্গাইল, আড়াইহাজার, সিরাজগঞ্জ)- এর প্রশিক্ষণ কেন্দ্রের অবশিষ্ট পূর্ত কাজ সমাপ্তকরণ | প্রকল্প পরিচালক | পূর্ত কাজ সমাপ্তকরণের তথ্যাদি |
| [২.২] তাঁত বোর্ডের আওতাধীন স্থাপনাসমূহের মেরামত/নির্মাণ/ সংস্কারকরণ | [২.২.১] মেরামত/নির্মাণ/ সংস্কারকৃত স্থাপনা | নির্বাহী প্রকৌশলী | কার্যাদেশ/কাজ সমাপ্তির প্রত্যয়ন |
| [২.৩] মাঠ পর্যায়ের কেন্দ্রসমূহের মনিটরিং | [২.৩.১] সরেজমিন পরিবীক্ষণ | পরিচালক (প্রশাসন), এমই অনুবিভাগ | নোটিশ, পরিদর্শন প্রতিবেদন |
| | [২.৩.২] অনলাইন পরিবীক্ষণ | পরিচালক (প্রশাসন), এমই অনুবিভাগ | নোটিশ, অনলাইন আয়োজনের ছবি |
| [২.৪] কার্যকরী প্রাথমিক/ মাধ্যমিক তাঁতি সমিতি অডিটকরণ | [২.৪.১] অডিটকৃত প্রাথমিক/মাধ্যমিক তাঁতি সমিতি | সদস্য (এসএন্ডএম) | বেসিক সেন্টার ভিত্তিক নিরীক্ষাকৃত তাঁতি সমিতির তালিকা |
| [২.৫] অভ্যন্তরীণ অডিটের সুপারিশ /আপত্তি বাস্তবায়ন -নিষ্পত্তিকরণ | [২.৫.১] বাস্তবায়নকৃত সুপারিশ/আপত্তি নিষ্পত্তিকৃত | সহকারী প্রধান (নিরীক্ষা) | সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন |
| [২.৬] স্টেক হোল্ডার/ উদ্যোক্তাদের সাথে সভার মাধ্যমে বস্ত্র ব্যবসার সহযোগিতা | [২.৬.১] স্টেক হোল্ডার/উদ্যোক্তাদের সাথে আয়োজনকৃত মতবিনিময় সভা | সদস্য- এসএসএন্ড এবং ওএন্ডএম | সভার নোটিশ, সভার হাজিরা, কার্যবিবরণী |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৭] বাজার সম্প্রসারণে সহায়তাকরণ | [২.৭.১] তাঁত বস্ত্র মেলা আয়োজন/ অংশগ্রহণ (দেশ ও বিদেশ) | সদস্য (এসএন্ডএম) ও মার্কেটিং শাখা | মেলা আয়োজন/ অংশগ্রহণের দপ্তরাদেশ/ছবি |
| [২.৮] আওতাধীন প্রতিষ্ঠানসমূহের অডিটকরণ | [২.৮.১] অভ্যন্তরীণ অডিটকৃত প্রতিষ্ঠান | সহকারী প্রধান (নিরীক্ষা) | অডিটকৃত প্রতিষ্ঠানের তালিকা |
| [২.৯] তাঁত বস্ত্রের কান্ট্রি অব অরিজিন সনদ প্রদান | [২.৯.১] নিষ্পত্তিকৃত আবেদন | ডিজিএম (মার্কেটিং) | সনদ পত্রের ছায়ালিপি, প্রতিবেদনের কপি |
| [৩.১] মধ্যম পর্যায়ের বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তিবিদ তৈরী | [৩.১.১] উত্তীর্ণ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি শিক্ষার্থী | বাতাঁশিপ্রই, নরসিংদী | প্রকাশিত ফলাফলের কপি |
| [৩.২] তাঁতিদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] তাঁতিদের প্রশিক্ষণ প্রদান | সদস্য (ওএন্ডএম) ও প্রশিক্ষণ কেন্দ্রসমূহ | প্রশিক্ষণার্থীদের তালিকা, ছবি, দপ্তরাদেশ |
| [৩.৩] বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা তৈরীর প্রযুক্তি ও মসলিনের কাপড় পুনরুদ্ধার (২য় পর্যায়) | [৩.৩.১] বেসরকারি উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ | প্রকল্প পরিচালক | উদ্যোক্তাদের তালিকা, ছবি, দপ্তরাদেশ |
| [৩.৪] দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [৩.৪.১] কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | পরিচালক (প্রশাসন) | প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীদের তালিকা, ছবি |
| [৩.৫] প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের শুন্য পদ পূরণ | [৩.৫.১] ছাড়পত্র প্রাপ্ত পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগ | পরিচালক (প্রশাসন) | ছাড়পত্র, নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগ দপ্তরাদেশ |
| [৩.৫] প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের শুন্য পদ পূরণ | [৩.৫.২] পদোন্নতিযোগ্য পদসমূহে পদোন্নতি প্রদান | পরিচালক (প্রশাসন) | পদোন্নতির দপ্তরাদেশ |
| [৩.৬] তাঁতিদের তথ্য সংরক্ষণ | [৩.৬.১] তাঁতিদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে তথ্য হালনাগাদকরণ | সদস্য (এসএন্ডএম) | তাঁত ও তাঁতি সংক্রান্ত তালিকা |
| [৪.১] স্মার্ট তাঁতি কার্ড বিতরণ ও ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে ঋণ বিতরণ | [৪.১.১] তাঁতিদের মাঝে স্মার্ট তাঁতি কার্ড প্রবর্তন (পাইলটিং) | সদস্য (এসএন্ডএম) | তালিকা, অনলাইন প্রতিবেদনের কপি |
| | [৪.১.২] ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে প্রান্তিক দুঃস্থ তাঁতিদের মাঝে ঋণ বিতরণ | সদস্য (এসএন্ডএম) ও প্রকল্প পরিচালক (চলতি মূলধন সরবরাহ প্রকল্প) | বেসিক সেন্টার ভিত্তিক ঋণ বিতরণের তালিকা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | তাঁত বস্ত্রে বয়নোত্তর সহায়তা প্রদান | সিপিসি, নরিসিংদী টিএফসি শাহজাদপুর এসএফসি কুমারখালী তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: পল্লী বিদ্যুতায়ন বোর্ড | সরাসরি, টেলিফোন ও পত্র যোগাযোগ |
| তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | তাঁত বস্ত্রে ব্যবহৃত সূতায় বয়নপূর্ব (সুতা টুইস্টিং, মার্সেরাইজিং ও রংকরণ) সহায়তা প্রদান | সিপিসি, নরিসিংদী টিএফসি শাহজাদপুর এসএফসি কুমারখালী তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: পল্লী বিদ্যুতায়ন বোর্ড | সরাসরি, টেলিফোন ও পত্র যোগাযোগ |
| মধ্যম পর্যায়ের বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তিবিদ তৈরী | উত্তীর্ণ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি শিক্ষার্থী | বাতাঁশিপ্রই, নরসিংদী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সরাসরি, টেলিফোন ও পত্র যোগাযোগ |
| স্মার্ট তাঁতি কার্ড বিতরণ ও ই-লোন ব্যবস্থাপনার মাধ্যমে ঋণ বিতরণ | তাঁতিদের মাঝে স্মার্ট তাঁতি কার্ড প্রবর্তন (পাইলটিং) | বাংলাদেশ নির্বাচন কমিশন | সরাসরি, টেলিফোন ও পত্র যোগাযোগ |
| বাজার সম্প্রসারণে সহায়তাকরণ | তাঁত বস্ত্র মেলা আয়োজন/ অংশগ্রহণ (দেশ ও বিদেশ) | বাণিজ্য মন্ত্রণালয়, ডিসি অফিস | সরাসরি, টেলিফোন ও পত্র যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ